# বরিশাল বিশ্ববিদ্যালয়ে প্রথম সমাবর্তন, ৬ সদস্যের কমিটি গঠন

আবু উবাইদা, ববি

প্রকাশিত: ২৩:৩৩, ২ ডিসেম্বর ২০২৫




ছবি: জনকণ্ঠ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে প্রথমবারের মতো সমাবর্তন (Convocation) আয়োজনের জন্য আনুষ্ঠানিক প্রস্তুতি শুরু হয়েছে। আগামী ১৪ ফেব্রুয়ারিতে প্রথম সমাবর্তনের জন্য সম্ভাব্য দিন নির্ধারণ করে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির প্রধান কাজ হলো সমাবর্তন আয়োজনের একটি পূর্ণাঙ্গ কর্মতালিকা (Convocation Framework) প্রস্তুত করা।

সমাবর্তনের রূপরেখা তৈরির জন্য গঠিত এই কমিটিতে বিভিন্ন বিভাগের অভিজ্ঞ শিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তাগণ দায়িত্বপালন করবেন। এই কমিটির আহ্বায়ক হিসাবে দায়িত্ব পালন করবেন ড. ধীমান কুমার রায়, এছাড়াও সদস্য হিসেবে থাকবেন ড. রাহাত হোসাইন ফয়সাল, ড. হাফিজ আফজালুল হক, ড. মো. খোরশেদ আলম, ড. রেহানা পারভীন এবং সদস্য-সচিব মোঃ সহিদুল ইসলাম।

এছাড়াও কমিটিকে আগামী ২রা ডিসেম্বর পর্যন্ত সময় বেধে দিয়ে দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলিতে সমাবর্তন আয়োজনের প্রক্রিয়া থেকে তথ্য সংগ্রহ করে একটি পূর্ণাঙ্গ ও সুপারিশকৃত Convocation Framework প্রস্তুত করে জমা দিতে বলা হয়েছে।